# 2022

# BENGALI

## Paper : BEN–HC–2016

## ( বাংলা ভাষা পরিচয় )

## ( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

(ক) প্রাচীন বাংলা ভাষায় অসমাপিকা ক্রিয়ার রূপ কত ভাবে গঠিত হত?

(খ) ডঃ রামেশ্বর শ-এর মতানুযায়ী অন্ত্যমধ্য বাংলার স্থিতিকাল উল্লেখ করো।

(গ) "পয়ার ছন্দ আদিমধ্য বাংলার প্রধান ছন্দ।" মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ লেখো।

(ঘ) অন্ত্যমধ্য বাংলায় মহাপ্রাণ নাসিক্য অল্পপ্রাণ হতে শুরু করেছিল। একটি উদাহরণ দাও।

(ঙ) সাধু ও চলিত গদ্যের নমুনা আমরা বাংলা ভাষার কোন্ স্তরে পাই?

(চ) আদি স্বরাগমের একটি উদাহরণ দাও।

(ছ) সুপারি > সুপুরি

এটি পূর্ণ স্বরসঙ্গতি না আংশিক স্বরসঙ্গতি, লেখো।

(জ) সমীভবনের বিপরীত প্রক্রিয়ার নাম কী?

(ঝ) ভক্তি > ভকতি

এটি কোন্ স্বরাগমের উদাহরণ?

(ঞ) ফারসি গুলাব > বাংলা গোলাপ ঘোষীভবনের উদাহরণ। এটি শুদ্ধ না অশুদ্ধ?

(ট) 'মৃত্যু' অর্থে 'গঙ্গালাভ'—অর্থ পরিবর্তনের কোন্ কারণ এখানে ক্রিয়াশীল?

(ঠ) মনুষ্য থেকে বাংলায় 'মুনিস' শব্দটি এসেছে, যার অর্থ 'মজুর'। এটা অর্থ পরিবর্তনের কোন্ ধারার অনুসারী?

(ড) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে উৎসগত বিচারে কয়টি শ্রেণিতে বিভক্ত করা যায়?

(ঢ) 'ঝিঙ্গা' শব্দ কোন্ অনার্য ভাষা থেকে বাংলায় এসেছে?

(ণ) হেড (ইংরাজি) + পণ্ডিত (বাংলা) = হেড-পণ্ডিত কী ধরনের শব্দ?





২। নিম্নলিখিত যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) বঙ্গালী উপভাষা প্রচলিত রয়েছে এমন দুটি অঞ্চলের নাম লেখো।

(খ) লবণ > নুন—এটি কোন্ উপভাষার বৈশিষ্ট্য?

(গ) আধুনিক বাংলায় ব্যবহৃত দুটি সংযোজক অব্যয়ের নাম লেখো।

(ঘ) ক্ষতিপূরণ দীর্ঘীভবনের অন্য নাম কী? এর একটি উদাহরণ দাও।

(ঙ) উত্তরবঙ্গের উপভাষায় উচ্চারণে 'আমের রস'-এর ধ্বনিলোপের ফলে পরিবর্তিত রূপটি লেখো।

(চ) যেসব শব্দ প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে অপরিবর্তিত রূপে বাংলায় এসেছে সেগুলিকে ভাষাতাত্ত্বিকেরা কী নামে অভিহিত করেছেন? সেই শব্দগুলিকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?

(ছ) বাংলা তদ্ভব শব্দের দুটি উদাহরণ দাও।

(জ) নিম্নলিখিত শব্দদুটির উৎস ও বিবর্তন দেখাও :

আড়াই ; গোঁসাই।

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও : ৫×৪=২০

(ক) মধ্যবাংলার ছন্দোরীতিগত বৈশিষ্ট্য লেখো।

(খ) আধুনিক বাংলা ভাষার ভাষাখণ্ড সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) বঙ্গালী উপভাষার অপিনিহিতি জাত পরিবর্তন উদাহরণসহ লেখো।

(ঘ) উপযুক্ত উদাহরণসহ অভিশ্রুতির সংজ্ঞা নিরূপণ করো।

(ঙ) স্বতোমূর্ধন্যীভবন কী? এর সঙ্গে মূর্ধন্যীভবনের পার্থক্য কোথায়?

(চ) সমমুখ ও বিমুখ ধ্বনি পরিবর্তনের প্রক্রিয়া বুঝিয়ে লেখো।

(ছ) ''শব্দার্থ পরিবর্তনের ধারায় অতীত ইতিহাসের ইঙ্গিত পাওয়া যায়।'' মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

(জ) অর্থ পরিবর্তনের ক্ষেত্রে শৈথিল্য ও আরামপ্রিয়তার ভূমিকা নির্ণয় করো।

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্যগুলি উপযুক্ত উদাহরণসহ তুলে ধরো।

(গ) সাধু ও চলিত গদ্যের ভাষাতাত্ত্বিক পার্থক্য সম্পর্কে যথাযথ আলোচনা করো।





(ঘ) অন্ত্যমধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে লেখো।

(ঙ) ব্যঞ্জনধ্বনি লোপের কারণ সম্পর্কে যথাযথ আলোচনা করো।

(চ) আদি, মধ্য ও অন্ত্যস্বরাগমের পার্থক্য উদাহরণসহ স্পষ্ট করো।

(ছ) ধ্বনি পরিবর্তনের ক্ষেত্রে স্বরসঙ্গতির গুরুত্ব নির্ণয় করো।

(জ) অর্থ পরিবর্তনের স্থূল কারণগুলি সম্পর্কে যা জান লেখো।

(ঝ) অর্থবিস্তার ও অর্থসংক্রমের মধ্যে কোনো পার্থক্য আছে কী? এ-বিষয়ে উদাহরণসহ বুঝিয়ে লেখো।

(ঞ) বাংলা শব্দভাণ্ডারের শ্রেণিগত বিভাজন সম্পর্কে যথাযথ আলোচনা করো।

★★★